# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা
মানিলন্ডারিং প্রতিরোধ সেল

**dcamlco@krishibank.org.bd**
**Phone: ০২-৪৭১২০৫১৩**


**বিষয়ঃমানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, গাইড লাইনস, বাংলাদেশ ব্যাংক ও বিকেবি'র কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনা পরিপালন/বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক সভা ২৬-১০-২০২২ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) ও উপব্যবস্থাপনা পরিচালক-১ জনাব চানু গোপাল ঘোষ মহোদয়ের সভাপতিত্বে সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত নির্বাহীগণ /সদস্যগণ উপস্থিত ছিলেন ।

| ক্রঃ নং | নির্বাহী/কর্মকর্তাগনের নাম | পদবী ও কর্মস্থল | সিসিসি তে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | জনাব চানু গোপাল ঘোষ | উপব্যবস্থাপনা পরিচালক-১ ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) | সভাপতি |
| ০২ | জনাব মীর মোফাজ্জল হোসেন | উপব্যবস্থাপনা পরিচালক-২, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ জয়নাল আবেদীন | মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ), বিকেবি, প্রকা, ঢাকা। | |
| ০৪ | জনাব মামুনুর রশীদ | উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৫ | জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম | উপমহাব্যবস্থাপক , ক্রেডিট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৬ | জনাব মোঃ খোরশেদ আনোয়ার | উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৭ | জনাব হাবিব-উন-নবী | উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৮ | জনাব মোঃ ফরিদ হাসান | উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৯ | জনাব কামরুন্নাহার | সহকারী মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১০ | জনাব আঃ সঃ মঃ বাবর | উপমহাব্যবস্থাপক ও উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)। | সদস্য-সচিব |

সভার শুরুতে বাংলাদেশ কৃষি ব্যাংক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতি মহোদয় মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে উল্লেখ করেন। সেই সাথে বাংলাদেশ ব্যাংক কর্তৃক তালিকাভুক্ত ব্যাংকগুলোর উপর AML/CFT বিষয়ক বিভিন্ন ধরণের নির্দেশনাসমূহ যথাসময়ে যথাযথভাবে পরিপালন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

পরবর্তীতে গত ৩১-০৭-২০২২ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২১-২০২২ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন/ অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয় এবং সভায় আলোচ্যসূচি ভিত্তিক উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ।

০১। **মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ গঠন সংক্রান্তঃ**

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনানুযায়ী বিকেবি মানিলন্ডারিং প্রতিরোধ সেলকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ নামে আলাদা বিভাগ হিসেবে গঠনের উদ্দেশ্য অর্থ মন্ত্রনালয় এ প্রেরিত পত্রের বিষয়ে আলোচনা করা হয়। অর্থ মন্ত্রনালয় অত্র ব্যাংকের অর্গানোগ্রাম সংশোধন পূর্বক বর্ণিত বিভাগ গঠনের প্রস্তাব প্রেরণের পরামর্শ প্রদান করে যা সভাকে অবহিত করা হয়।

**(কার্যকরণঃ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১, বিকেবি, প্রকা ঢাকা ।)**

০২। **AML প্রশিক্ষণ সংক্রান্ত ঃ**

ক) প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং প্রতিরোধ সেল এ বর্তমানে কর্মরত কর্মকর্তাদের মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে দক্ষ ও কর্মক্ষম করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় ।

**(কার্যকরণঃ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২)**

খ) এছাড়া অত্র ব্যাংকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য মাঠ পর্যায়ে এতদ্সংশ্লিস্ট কর্মকর্তাদের বিশেষ করে BAMLCO ও হিসাব খোলার কর্মকর্তাদের বিভিন্ন কর্মশালা, অনলাইন ও শাখা পরিদর্শনের মাধ্যমে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**(কার্যকরণঃ মানি লন্ডারিং প্রতিরোধ সেল/ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২, বিকেবি, প্রকা ঢাকা ও বিকেবি ষ্টাফ কলেজ ।)**

০৩। **STR/ SAR সংক্রান্ত ঃ**

STR/ SAR Report প্রেরণে মাঠ পর্যায়কে আরো সচেতন থেকে প্রয়োজনীয় তথ্য উপাত্তের ভিত্তিতে রিপোর্ট প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয় । সেই সাথে অত্র ব্যাংকে গ্রাহকদের আচরনের ভিত্তিতে SAR (Suspicious Activity Report ) করার ক্ষেত্রে শাখাসমূহকে আরও যত্নশীল হওয়ার ব্যাপারে পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**(কার্যকরণঃ মানি লন্ডারিং প্রতিরোধ সেল, বিকেবি, প্রকা, ঢাকা।)**

০৪। **গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS)এ সংরক্ষণ ও সংশোধন সংক্রান্ত ঃ**

অত্র ব্যাংকে গ্রাহকদের অঞ্চল ভিত্তিক মৌলিক তথ্যাদি সম্বলিত হিসাব সংখ্যা এবং শতকরা হার (%) পর্যালোচনা করে দেখা যায় সিবিএস (CBS) এ সংরক্ষিত মৌলিক তথ্যাদি সম্বলিত গ্রাহক সংখ্যার ২৬-১০-২০২২ইং তারিখ ভিত্তিক অগ্রগতির হার ৮০.৩২% । এমতাবস্থায় বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনানুযায়ী গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS ) এ সংরক্ষণ ও সংশোধন এর হার নির্দিষ্ট সময়সীমার মধ্যে শতভাগ অর্জন না হওয়ায় এ হার শতভাগ অর্জনের সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রাখার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

**(কার্যকরণঃ মানিলন্ডারিং প্রতিরোধ সেল/ আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।)**

০৫। **মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক গাইডলাইন সংক্রান্ত ঃ**

মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল এর ইংরেজি সংস্করণ "BKB Money Laundering & Terrorist Financing Risk Management Guidelines-2022" এর প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনপূর্বক অতিদ্রুত MCC সভায় উপস্থাপনরে সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

**(কার্যকরণঃ** "BKB Money Laundering & Terrorist Financing Risk Management Guidelines-2022" বিষয়ক কমিটির সদস্যবৃন্দ)

০৬। **শাখা পর্যায় হতে মনোনীত BAMLCO দের অনুমোদন প্রদান সংক্রান্ত ঃ**

বিএফআইইউ জারীকৃত সার্কুলার নং-২৬ তাং-১৬-০৬-২০২০ এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক শাখাসমূহ হতে মনোনীত কর্মকর্তাদের কেন্দ্রীয় পরিপালন কমিটি কর্তৃক যথাযথ প্রক্রিয়ায় শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (BAMLCO) হিসেবে অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

**(কার্যকরণঃ মানি লন্ডারিং প্রতিরোধ সেল, বিকেবি, প্রকা, ঢাকা।)** ।

CCC কমিটির সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশ গ্রহণে সভাটি অত্যন্ত ফলপ্রসূ হয়েছে উল্লেখ করে CCC এর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১০/২০২২

(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক-১
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

প্রকা/আরএমডি-৩০/সিসিসি/২০২২-২০২৩/ ১৬২২ তারিখ ঃ ২৬-১০-২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

26.10.2022

(আঃ সঃ মঃ বাবর)
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)